

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৪৯

বিশালগড়, ৮ নভেম্বর, ২০২৪

কসবেশ্বরী নক আউট ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

সমাজের সুস্থিতা বজায় রাখার ক্ষেত্রে খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

খেলাধুলা আমাদের শরীর ও মন সুস্থ রাখে। তাছাড়াও সমাজের সুস্থিতা বজায় রাখার ক্ষেত্রে খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই বিষয়টির দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকার খেলাধুলার উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। আজ বিকেলে বিশালগড় মহকুমার মধ্যপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে কসবেশ্বরী নক আউট ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, নতুন প্রজন্মের ছেলেমেয়েদের মধ্যে ভালো একটা কিছু করার প্রবণতা খেলাধুলার মাধ্যমে গড়ে উঠে। এক সময় রাজ্যে খেলাধুলার পরিকাঠামো সেভাবে গড়ে না উঠলেও রাজ্যের বর্তমান সরকার পরিকাঠামো গড়ে তোলার বিষয়টির দিকে বিশেষ নজর দিয়েছে। উল্লেখ্য, মুখ্যমন্ত্রী এদিন মধ্যপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে একটি ইন্ডোর জিমন্যাসিয়ামেরও আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলে এই ইন্ডোর জিমন্যাসিয়ামটি নির্মাণ করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১২ লক্ষ ৬৩ হাজার টাকা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের বিভিন্ন প্রান্তে সিস্টেটিক ফুটবল এবং অ্যাথলেটিক মাঠ গড়ে তোলা হয়েছে। বিভিন্ন বয়সের লোকজন যাতে শারীরিক কসরতের মাধ্যমে নিজেদের সুস্থ রাখতে পারেন সেজন্য বিভিন্ন জায়গায় ৪২টি ওপেন জিম খোলা হয়েছে। জাতীয় স্তরের প্রতিযোগিতা করার জন্য বিভিন্ন মাঠ সাজিয়ে তোলা হচ্ছে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের বিভিন্ন ক্ষেত্রে উৎসাহ প্রদান করার জন্য মুখ্যমন্ত্রী টেলেন্ট সার্চ এবং টেলেন্ট অ্যাওয়ার্ড দেওয়া হচ্ছে। সমাজ যাতে কল্যাণিত না হয় সেদিকে লক্ষ্য রেখে ছাত্রছাত্রীদের খেলাধুলার দিকে মনোনিবেশ করানোর জন্য মুখ্যমন্ত্রী অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, আমাদের দেশের চিরাচরিত ঐতিহ্যের সঙ্গে খেলাধুলা প্রত্যক্ষভাবে জড়িয়ে রয়েছে। এই ঐতিহ্যকে বজায় রাখার জন্য কেন্দ্র ও রাজ্যের বর্তমান সরকার খেলাধুলার উন্নয়নে বহুমুখী পদক্ষেপ নিয়ে চলেছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিধায়ক অন্তরা সরকার দেব। মুখ্যমন্ত্রী ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনের আগে দু'দলের খেলোয়াড়দের সাথে পরিচিত হন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক সুশান্ত দেব, সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, সিপাহীজলা জেলার পুলিশ সুপার বি জে রেডিও প্রমুখ।
